



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.২৫.০০০১.২৪.৩২৮

২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ১৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ০৫ (পাঁচ) দিনব্যাপি “শিক্ষা ব্যবস্থাপনা” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ ইচ্ছুক কর্মকর্তাদের তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ০৯ বা তদূর্ধ্ব বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের ০৫ (পাঁচ) দিনব্যাপি “শিক্ষা ব্যবস্থাপনা” বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য ৯ম বা তদূর্ধ্ব বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের তথ্য আগামী ১৯ এপ্রিল ২০২৬ খ্রি. এর মধ্যে নিম্নোক্ত গুগল ফর্ম (প্রতিষ্ঠান প্রধানের অনুমতির কপি সংযুক্ত করতে হবে) পূরণপূর্বক তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, মাউশি কর্তৃক আয়োজিত উক্ত প্রশিক্ষণে পূর্বে অংশগ্রহণ করে থাকলে তাঁদের আবেদন করার প্রয়োজন নেই এবং একজন প্রশিক্ষার্থী সর্বোচ্চ ০২ (দুই) টি প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন।

গুগল লিংক : <https://forms.gle/8AgEGxTKvzjzhaaGA>

০৯-০৪-২০২৬
সামিনা সুলতানা
সহকারী পরিচালক-৩
ফোন : ০২-৪১০৫০৬১৮
ইমেইল : dir-training@dshe.gov.bd

অধ্যক্ষ, সরকারি কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, (সকল)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.২৫.০০০১.২৪.৩২৮/১ (৩)

২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ১৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ২। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং
- ৩। সংরক্ষণ, প্রশিক্ষণ শাখা।



Samina S

০৯-০৪-২০২৬
সামিনা সুলতানা
সহকারী পরিচালক-৩